

২০২১

## বাংলা - সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) সমালোচনা সাহিত্য বলতে কী বোঝায়? সাহিত্য সমালোচনার বিভিন্ন পদ্ধতিগুলির নামোল্লেখ করে যে-কোনো দুটি পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৪+৪+৫+৫
- অথবা,
- (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো। ৯+৯
- (অ) আত্মগৌরবী প্রবন্ধ  
(আ) পত্রসাহিত্য  
(ই) ডায়ারি  
(ঈ) ভ্রমণসাহিত্য।
- ২। (ক) সমালোচকের মতে, 'কমলাকান্তের দপ্তর'-এর কমলাকান্ত চক্রবর্তী বঙ্কিমচন্দ্রের মুখোশহীন মুখ।— পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১২
- অথবা,
- (খ) “একা কে গায় ওই”— প্রবন্ধে কমলাকান্ত কীভাবে একাকিত্বের নৈরাশ্য থেকে সর্বমানবপ্রীতির চেতনায় এসে পৌঁছেছেন, তা বুঝিয়ে দাও। ১২
- ৩। (ক) “মঙ্গলা আমার বিফুপদ, প্রসন্ন আমার ভগীরথ — আমি দু-জনকেই সমান ভালোবাসি।”— কোন রচনার অংশ? একথা বলার কারণ বিশ্লেষণ করো। ১+৩
- অথবা,
- (খ) “তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক, সমাজ বিশৃঙ্খলার মূল।”— প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৪
- ৪। (ক) ‘ছিন্নপত্র’ গ্রন্থের পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রকৃতিচেতনা আলোচনা করো। ১২
- অথবা,
- (খ) ‘ছিন্নপত্র’-র পাঠ্য চিঠিগুলির মধ্যে ‘৩০’ অথবা ‘৬৭’ সংখ্যক চিঠিতে লেখকের যে মানসিকতা প্রকাশিত হয়েছে, তা সংক্ষেপে আলোচনা করো। ১২

Please Turn Over

- ৫। (ক) “পৃথিবীর স্তন যখন শুকিয়ে যায় তখন এরা কেবল কাঁদতে জানে, কোনোমতে একটুখানি খিদে ভাঙলেই আবার তখন সমস্ত ভুলে যায়।” — এরা কারা? উক্তিটির অর্থ পরিস্ফুট করো। ১+৩

অথবা,

- (খ) “আমাদের দু-জনকার মধ্যে একটা খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে।” এখানে দু-জন কে কে? সুদূরব্যাপী চেনাশোনার অর্থ বুঝিয়ে দাও। ১+৩

- ৬। (ক) “রাজনীতির সঙ্গে সাহিত্যের কোনো মূলগত বিরোধ নেই।” — উদ্ধৃতিটি ‘সাহিত্যের রাজনীতি’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

অথবা,

- (খ) “অতএব ভারতীয় সভ্যতার অবনতির কারণ সম্বন্ধে একাধিক ব্যাখ্যার অবকাশ আছে।” — ভারতীয় সভ্যতার অবনতির যে কারণগুলি লেখক ‘শিক্ষা ও বিজ্ঞান’ প্রবন্ধে নির্দেশ করেছেন তা তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো। ১৫

- ৭। (ক) ‘রূপকথা’ ও ‘উপকথা’র পার্থক্য নিরূপণ করো। রূপকথা কীভাবে আমাদের জীবনের ওপর প্রভাব বিস্তার করে তা ‘রূপকথা’ প্রবন্ধ অনুসরণে আলোচনা করো। ৫+১০

অথবা,

- (খ) “শিল্প সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে।” — ‘তিন দশকের নাট্য সমীক্ষা’ অবলম্বনে চল্লিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘুরেছে তা আলোচনা করো। পরবর্তী দুই দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী? ৭+৮

- ৮। নিম্নলিখিত **যে-কোনো একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো। ২০×১

- (ক) মঙ্গলকাব্যে প্রতিফলিত বাঙালি সমাজ  
 (খ) উনিশ শতকে বাংলা মহাকাব্য চর্চার ধারা  
 (গ) জীবনশিল্পী সত্যজিৎ রায়  
 (ঘ) বাংলা উপন্যাসে আঞ্চলিকতা  
 (ঙ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র  
 (চ) বাংলা ভ্রমণসাহিত্য  
 (ছ) রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনা।